


বাংলা বিভাগ  
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা  
এম.এ. (বাংলা) শিক্ষাবর্ষ ২০২২-২৩  
ভর্তিসংক্রান্ত তথ্যাবলি

১. এম.এ. (বাংলা) প্রোগ্রামের মেয়াদ :
  - (i) সাধারণ গ্রুপ (শুধু কোর্স ওয়ার্ক): ১ (এক) বৎসর; ০২ (দুই) সেমিস্টার।
  - (ii) কোর্স ওয়ার্কসহ থিসিস গ্রুপ: ০১.৫ (দেড়) বৎসর; ০৩ (তিন) সেমিস্টার।
  - (iii) থিসিস গ্রুপ: ০২ (দুই) বৎসর; ০৪ (চার) সেমিস্টার।
২. আসন সংখ্যা : সাধারণ আসন সংখ্যা ৫৫ (পঞ্চাশ) টি। এছাড়া, মুক্তিযোদ্ধার সন্তান ও আদিবাসী কোটায় আরও ১টি করে মোট ২টি আসন সংরক্ষিত থাকবে। কোটার আসনের বিপরীতে কোনো শিক্ষার্থী না পাওয়া গেলে সাধারণ আসন থেকে পূরণ করা হবে। কর্তৃপক্ষ আসনসংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করে।
৩. আবেদন করার জন্য যোগ্যপ্রার্থী: ২০১৯ এবং তৎপরবর্তী বছরসমূহে বাংলা ভাষা ও সাহিত্যে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ/অবতীর্ণ প্রার্থী আবেদন করতে পারবেন। ইউজিসি কর্তৃক অনুমোদিত অন্য যেকোনো দেশের স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/সমমানের প্রতিষ্ঠানের সনদধারী (০৩ (তিন) বছর মেয়াদি স্নাতক (সম্মান) সহ ০১/০২ বছর মেয়াদী স্নাতকোত্তর পরীক্ষায় উত্তীর্ণ/অবতীর্ণ প্রার্থী আবেদন করতে পারবেন। তবে স্নাতক (সম্মান) পরীক্ষায় অবতীর্ণ প্রার্থীদেরকে অবশ্যই ক্লাস শুরু হওয়ার ২ মাসের মধ্যে পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রমাণপত্র বিভাগে জমা দিতে হবে।
৪. চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে অধ্যয়নকালের জন্য পূর্ণছুটির নিশ্চয়তার প্রমাণপত্র ভর্তির সময় দাখিল করতে হবে।
৫. আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা : খুলনা বিশ্ববিদ্যালয়সহ যেকোনো পাবলিক বিশ্ববিদ্যালয় ও জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থী আবেদন করতে পারবেন।
৬. ২ (দুই) বছর মেয়াদী Masters by Research গ্রুপে (এম.ফিল সম্মান) বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রীধারী শিক্ষার্থী ভর্তি হতে পারবে। ইউজিসি কর্তৃক অনুমোদিত বাংলাদেশের যেকোনো বিশ্ববিদ্যালয় থেকে যেকোনো শিক্ষাবর্ষে দ্বিতীয় শ্রেণির অথবা ৩.০০ সিজিপিএ প্রাপ্ত স্নাতকোত্তর শিক্ষার্থী এই মুডে যোগ্য বলে বিবেচিত হবে। শিক্ষার্থীকে থিসিসসহ স্নাতকোত্তর অথবা পিয়ার রিভিউ পত্রিকায় একটি গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত থাকতে হবে। শুধু স্নাতক (সম্মান) ডিগ্রীধারী শিক্ষার্থীর ৩.৫ সিজিপিএ থাকতে হবে।
৭. আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:
  - (ক) সকল পরীক্ষার মার্কশিট/ট্রান্সক্রিপ্ট ও সনদপত্রের সত্যায়িত কপি (খ) পাসপোর্ট সাইজের ২ কপি ছবি
৮. বাংলা বিভাগের অফিসে সকাল ১০.০০ টা থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) ফরম জমা নেয়া হবে।
৯. ভর্তিপরীক্ষার ফলাফল নিজ দায়িত্বে নির্দিষ্ট তারিখে বাংলা বিভাগের নোটিশবোর্ড ও ওয়েব সাইট থেকে জেনে ভর্তিপ্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
১০. ভর্তিপরীক্ষা বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ের উপর অনুষ্ঠিত হবে।
১১. ভর্তিপরীক্ষাসংক্রান্ত তথ্যাবলি বাংলা বিভাগের কার্যালয়ে যোগাযোগ করে অথবা খুলনা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট [www.ku.ac.bd](http://www.ku.ac.bd) দেখে জেনে নিয়ে আবেদন করার পরামর্শ দেওয়া হলো।
১২. **ভর্তিসংক্রান্ত তারিখসমূহ:**

ক) আবেদন ফরম বিতরণ	: ১৫/১১/২০২২ খ্রি. থেকে ১৫/১২/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত
খ) আবেদন ফরম জমার শেষ সময়	: ১৫/১২/২০২২ খ্রি. বিকেল ৪:০০ টা পর্যন্ত
গ) যোগ্যপ্রার্থীর তালিকা প্রকাশ	: ১৫/১২/২০২২ খ্রি. বিকেল ৪:০০ টা
ঘ) ভর্তিপরীক্ষার তারিখ ও সময়	: ১৮/১২/২০২২ খ্রি. তারিখ সকাল ১০:০০ টায়
ঙ) উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রকাশ	: ১৯/১২/২০২২ খ্রি. তারিখ দুপুর ১২:০০ টা
চ) সাধারণ ও কোটা আসন থেকে ভর্তি	: ২৬/১২/২০২২ খ্রি. থেকে ২৭/১২/২০২২ খ্রি. তারিখ সকাল.৯.৩০টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত
ছ) কোর্স রেজিস্ট্রেশন	: ০১/০১/২০২৩ খ্রি. থেকে ০৫/০১/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত (জরিমানা ছাড়া) ০৬/০১/২০২৩ খ্রি. থেকে ১২/০১/২০২৩ তারিখ পর্যন্ত (জরিমানাসহ)
জ) ক্লাস শুরু	: ০১/০১/২০২৩ খ্রি. তারিখ থেকে।
১৩. বাংলা বিভাগের অফিসে ২,০০০/- (দুই হাজার) টাকা জমা দিয়ে আবেদন ফরম ও ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যাবলি সংগ্রহ করতে হবে।
১৪. ভর্তি বিষয়ক যে কোনো নিয়ম-কানুন পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের ক্ষমতা খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

  
(প্রফেসর ড. মোঃ রুবেল আনছার)  
সভাপতি  
এম.এ (বাংলা)  
ভর্তিকমিটি (শিক্ষাবর্ষ ২০২২-২০২৩)  
বাংলা ডিসিপ্লিন  
খুলনা বিশ্ববিদ্যালয়